

নম্বর: ০৫.৩০.৫৯৪৪.০০০.৯৯.০১১.২১- ১৬৫/০

তারিখ: ২৫ চৈত্র ১৪২৭  
০৮ এপ্রিল ২০২১

“নোটিশ”

বিষয়: নতুনভাবে মুক্তিযোদ্ধা তালিকায় অন্তর্ভুক্তির লক্ষ্যে অনলাইনে আবেদনকৃত লৌহজং উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই সংক্রান্ত।

- সূত্র:
১. জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, প্রশাসন-১ শাখার ১১/১১/২০১৯ তারিখের ৪৮.০২.০০০০.০০১.৯৩.০০১.১৮.১০২ নং স্মারক
  ২. জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ এর ১৭/১০/২০১৯ তারিখের ০৫.৩০.৫৯০০.২০৪.০৮.০১২(অংশ-১).১৯- ৬০৪ নং স্মারক
  ৩. জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, উন্নয়ন শাখার ১০/০৯/২০২০ খ্রি. তারিখের ৪৮.০২.০০০০.০০৪.১৬.০০৬.২০২০.১৫৯(২০) নং স্মারক
  ৪. জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, উন্নয়ন শাখার ২৪/০১/২০২১ তারিখের ৪৮.০২.০০০০.০০৪.১৬.০০৬.২০২০.১৪(০৯) নং স্মারক
  ৫. সিভিল মিসসিলেনিয়াস পিটিশন নং ১২৭৬/২০১৭
  ৬. রীট পিটিশন নং- ১১৩৩৫/২০১৭
  ৭. মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় শাখার ০৪/০৪/২০২১ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক সমূহের প্রেক্ষিতে মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলায় নতুনভাবে বীর মুক্তিযোদ্ধাদের তালিকায় অন্তর্ভুক্তির লক্ষ্যে আবেদনকারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের গত ২১ মার্চ ২০১৯ খ্রি. তারিখের ৬১তম সভার সিদ্ধান্ত মোতাবেক যে সকল উপজেলায় মামলা/অন্য কারণে যাচাই-বাছাই প্রতিবেদন পাওয়া যায়নি সে সকল উপজেলায় পুনঃগঠিত ০৩ সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে যাচাই-বাছাই এর নিমিত্তে নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য, মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলায় ১২৭৬/২০১৭ নং সিভিল মিসসিলেনিয়াস পিটিশন মামলার আদেশের প্রেক্ষিতে যাচাই-বাছাই কার্যক্রম স্থগিত রাখা হয় এবং ৬ নং স্মারকে বর্ণিত রীট পিটিশন নং- ১১৩৩৫/২০১৭ এর ২৯/০৭/২০১৯ সালের আদেশ অনুসারে ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ ইতোমধ্যে অতিবাহিত হয়েছে। পরবর্তীতে বর্ণিত রীট পিটিশন মামলার বাদী মৃত্যুবরণ করলে কমিটির সদস্য বীর মুক্তিযোদ্ধা জনাব মাহাবুব-উল-আলম, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, লৌহজং উপজেলা কমান্ড এর আবেদন এবং ৪ নং স্মারকের তাগিদ পত্রের প্রেক্ষিতে স্থায়ী ঠিকানা অনুসারে বীর মুক্তিযোদ্ধাদের তালিকায় অন্তর্ভুক্তির জন্য আবেদনকারীগণের যাচাই-বাছাই নিম্নরূপ তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

তারিখ	সময়	ইউনিয়ন	স্থান
২৫/০৪/২০২১	সকাল ১০:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত	খিদিরপাড়া ইউনিয়ন ও গাঁওদিয়া ইউনিয়ন	উপজেলা পরিষদ লৌহজং, মুন্সীগঞ্জ
২৬/০৪/২০২১	সকাল ১০:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত	কলমা ইউনিয়ন ও কুমারভোগ ইউনিয়ন	
২৭/০৪/২০২১	সকাল ১০:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত	হলদিয়া ইউনিয়ন, কনকসার ইউনিয়ন ও বৌলতলী ইউনিয়ন	
২৮/০৪/২০২১	সকাল ১০:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত	মেদিনীমন্ডল ইউনিয়ন, লৌহজং-তেউটিয়া ইউনিয়ন ও বেজগাঁও ইউনিয়ন	

২। বর্ণিতাবস্থায়, যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্নের নিমিত্ত যথাযথ সাক্ষ্য ও প্রমাণসহ নির্ধারিত তারিখ, সময় ও স্থানে সংশ্লিষ্ট ইউনিয়নের বীর মুক্তিযোদ্ধাগণের তালিকায় অন্তর্ভুক্তির জন্য আবেদিত ব্যক্তিগণকে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হলো।

৩। সূত্রে উল্লিখিত ০৬ নং স্মারক অনুসারে বর্তমান করোনা পরিস্থিতিতে সমগ্র দেশব্যাপী সার্বিক কার্যাবলী/চলাচলে বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। বিরাজমান পরিস্থিতিতে উক্ত বিধি-নিষেধ কাল যদি বর্ধিত হয় তাহলে যাচাই-বাছাই এর তারিখ ও সময় পুনঃনির্ধারিত করে তা পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

  
(মোঃ হুমায়ুন কবির) ৮/৪/২০২১

উপজেলা নির্বাহী অফিসার

ও

সদস্য সচিব

বীর মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি

লৌহজং, মুন্সীগঞ্জ।

মোবাইল : ০১৭৬২-৬৮৭২৫৯

E-mail: [unolouhajong@mopa.gov.bd](mailto:unolouhajong@mopa.gov.bd)

নম্বর: ০৫.৩০.৫৯৪৪.০০০.৯৯.০১১.২১- ১৫৫/১ (৪০)

তারিখ: ২৫ চৈত্র ১৪২৭  
০৮ এপ্রিল ২০২১

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) জনাব অধ্যাপিকা সাগুফতা ইয়াসমিন এমিলি, মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-২।
- ২) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩ তলা), ৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০।
- ৩) জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ।
- ৫) বীর মুক্তিযোদ্ধা ঢালী মোয়াজ্জেম হোসেন, জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ মহোদয় কর্তৃক মনোনীত সভাপতি, বীর মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি, লৌহজং, মুন্সীগঞ্জ।
- ৬) বীর মুক্তিযোদ্ধা মাহাবুব-উল-আলম, জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ মহোদয় কর্তৃক মনোনীত সদস্য, বীর মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি, লৌহজং, মুন্সীগঞ্জ।
- ৭) জনাব ....., লৌহজং, মুন্সীগঞ্জ।
- ৮) চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ (তাঁর ইউনিয়নের বীর মুক্তিযোদ্ধাগণের তালিকায় অন্তর্ভুক্তির জন্য আবেদনকারী ব্যক্তিগণকে অবহিত করার জন্য বলা হলো)।
- ৯) ইউনিয়ন কমান্ডার, ইউনিয়ন মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, ..... ইউনিয়ন, লৌহজং, মুন্সীগঞ্জ (নোটিশটি তাঁর ইউনিয়নে বহুল প্রচারের জন্য বলা হলো)।

  
(মোঃ হুমায়ুন কবির) ৮/৫/২০২১

উপজেলা নির্বাহী অফিসার

ও

সদস্য সচিব

বীর মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি

লৌহজং, মুন্সীগঞ্জ।